গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়,নগরকান্দা, ফরিদপুর,
উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটির মে/২৩মাসের সভার কার্যবিবরণী

সভাপতিঃ মোঃ মঈনুল হক
তারিখঃ ২৩-০৫-২০২৩ খ্রিঃ
সময়ঃ বিকাল- ৩.০ ঘটিকা
স্থানঃ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, নগরকান্দা, ফরিদপুর ।

সভাপতি অংশগ্রহণকারী সদস্যবৃন্দকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন । অতঃপর সভাপতি কমিটির সদস্য সচিব ও উপজেলা কৃষি অফিসার ,নগরকান্দা ,ফরিদপুরকে আলোচ্যসূচী অনুযায়ী সভা পরিচালনার জন্য আহবান জানান। সদস্য সচিব বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান এবং কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও দৃঢ়ীকরণ করা হয়।

অতঃপর তিনি সভার কার্যপত্র অনুসারে আলোচনা করেন এবং সর্বসম্মতিক্রমে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ-

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারীকর্তৃপক্ষ |
|---|---|---|
| ১।সার পরিস্থিতি পর্যালোচনাঃ<br>সদস্য সচিব, সভাকে জানান যে, মে/২৩ মাসে ২২৩ মেঃ টন ইউরিয়া, ৩৮ মেঃ টন টিএসপি, ১২১ মেঃ টন ডিএপি, ৩৭ মেঃ টন এমওপি সার বরাদ্দ পাওয়া গিয়েছে। যা ০৯ টি ইউনিয়ন ও ০১ টি পৌরসভা বিসিআইসি ও বিএডিসি ডিলারদের মাধ্যমে উত্তোলিত হচ্ছে। | ডিলারগন যাতে বরাদ্দকৃত সার সঠিক ভাবে উত্তোলন করেন সে বিষয়ে কার্যকরী পদক্ষেপ নিতে হবে। কোন অনিয়ম দেখা গেলে আইনানুগ ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সভাপতি/সদস্যসচিব,উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি, নগরকান্দা, ফরিদপুর । |
| ২। সার ডিলারদের শৃংঙ্খলা/ বিধি ভঙ্গঃ<br>** সদস্য সচিব, সভাকে জানান যে, মেসার্স মাহতাব ট্রেডার্স, প্রোঃ ছিদ্দিকুর রহমান, দক্ষিণ রসুলপুর বাজার, তালমা বিএডিসি ডিলারকে সভাপতি মহোদয়ের নির্দেশক্রমে অদ্য সভায় উপস্থিত থাকার নিমিত্তে নোটিশ প্রদান করা হয়।কিন্তু সে কাউকে অবহিতকরণ ব্যাতিরেকে সভায় অনুপস্থিত রয়েছে ।<br><br>** মেসার্স অনিক এন্টারপ্রাইজ, প্রোঃ রেজাউল হক খান, পুরাপাড়া, খুচরা সার বিক্রেতা ব্যবসা না করার কারণে বিগত সভায় তার লাইসেন্স বাতিলের সিদ্ধান্ত গৃহীত হয়। পরবর্তীতে সকল সদস্যের সিদ্ধান্ত মোতাবেক তার লাইসেন্স বাতিল না করে পর্যবেক্ষণে রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। কিন্তু এখন পর্যন্ত তিনি দোকান চালু করেন নি। | মের্সাস মাহতাব ট্রের্ডাস, প্রোঃ ছিদ্দিকুর রহমান, দক্ষিণ রসুলপুর বাজার, তালমা বিএডিসি ডিলারকে অদ্য সভায় অনুপস্থিত থাকার জন্য কারন দর্শানোর নোটিশ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>মের্সাস অনিক এন্টারপ্রাইজ, প্রোঃ রেজাউল হক খান, পুরাপাড়া, খুচরা সার বিক্রেতাকে আরও একমাস পর্যবেক্ষণে রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। এর মধ্যে দোকান চালু না করলে তার লাইসেন্স বাতিলের সিদ্ধান্ত গৃহীত হয়। | সভাপতি/সদস্যসচিব,উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি, নগরকান্দা, ফরিদপুর । |
| ৩। বীজ ব্যবসায়ীদের তালিকা ও সতর্কতা প্রদান বিষয়েঃ<br>সদস্য সচিব, সভাকে জানান যে, বাজার মনিটরিং এর জন্য বীজ ব্যবসায়ীদের তালিকা জানা এবং তাদের সতর্ক করা দরকার। | সকল সদস্যদের মতামতের ভিত্তিতে জেলা বীজ প্রত্যয়ন এজেন্সী এবং বিএডিসি এর নিকট হাল নাগাদকৃত বীজ বিক্রেতাগণের তালিকা চেয়ে পত্র প্রেরণ করে সে মোতাবেক বীজ বিক্রেতাগণকে মনিটরিং করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সভাপতি/সদস্যসচিব,উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি নগরকান্দা, ফরিদপুর । |

CamScanner

| | | |
|---|---|---|
| **৪। বিএডিসির বীজ মানঃ**<br>ভাইস চেয়ারম্যান ও মেয়র মহোদয় সভাকে জানান যে, বিভিন্ন কৃষকের অভিযোগ রয়েছে, প্রণোদনায় যে বীজ দেয়া হয় তার মান খারাপ থাকে। | বিএডিসিকে বীজের গুনগত মান বজায় রাখার জন্য অবহিতকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সভাপতি/সদস্যসচিব,উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি, নগরকান্দা, ফরিদপুর। |
| **৫।বিবিধঃ**<br>সরকার নির্ধারিত মূল্যে সার বিক্রয় নিশ্চিত করার জন্য মোবাইল কোর্ট পরিচালনা করা প্রয়োজন। | প্রয়োজনে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে। | সভাপতি/সদস্যসচিব, উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি , নগরকান্দা, ফরিদপুর। |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

২৩/০৫/২৩

মোঃ মঈনুল হক
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি
নগরকান্দা ,ফরিদপুর।

CamScanner

গণপ্রজাতন্ত্রীবাংলাদেশ সরকার
উপজেলা কৃষিঅফিসারেরকার্যালয়
নগরকান্দা, ফরিদপুর।
www.dae.nagarkanda.faridpur.gov.bd

স্মারকনং- ১২.১৮.২৯৬২.০৩৯.১৬.০০৫.২৩.৩২০ তারিখ ঃ ২৩/০৫/২০২৩খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জেষ্ঠতার ভিত্তিতে নয়)-

১.মাননীয় সংসদ সদস্য, ফরিদপুর-২

২. উপজেলা চেয়ারম্যান, নগরকান্দা, ফরিদপুর।

৩. উপজেলা নির্বাহী অফিসার, নগরকান্দা, ফরিদপুর।

৪. উপজেলা ভাইস চেয়ারম্যানদ্বয়, নগরকান্দা, ফরিদপুর।

৫. উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, নগরকান্দা, ফরিদপুর।

৬. উপজেলা মৎস্য কর্মকর্তা, নগরকান্দা, ফরিদপুর।

৭. উপজেলা সমবায় কর্মকর্তা, নগরকান্দা, ফরিদপুর।

৮. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, নগরকান্দা, ফরিদপুর।

৯. থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা, নগরকান্দা, ফরিদপুর।

১০. বিএডিসির উপজেলাস্থ বীজ/সার সংসশ্লিষ্ট প্রতিনিধি।

১১. উপজেলাধীন সকল ইউপি চেয়ারম্যান।

১২. বিএফএ-এর প্রতিনিধি, নগরকান্দা ফরিদপুর।

১৩. উপজেলা পরিষদ মনোনিত কৃষক প্রতিনিধি।

১৪. সভাপতি/সাধারণ সম্পাদক প্রেসক্লাব/মডেল প্রেসক্লাব, নগরকান্দা।

২৩/০৫/২৩

(তিলোক কুমার ঘোষ)
উপজেলা কৃষি অফিসার
নগরকান্দা, ফরিদপুর।
ইমেইলঃuaonagarkanda@dae.gov.bd

CamScanner

২৩-০৫-২০২৩ খ্রিঃ তারিখ বেলা ৩.০০ ঘটিকায় অনুষ্ঠিত জেলা সার ও বীজ মনিটরিং কমিটির সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের নামের তালিকা _

| ক্রমিক নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | মোঃ চুন্নু শেখ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,নগরকান্দা, ফরিদপুর | স্বাক্ষরিত |
| ২ | তিলোক কুমার ঘোষ | উপজেলা কৃষি অফিসার, নগরকান্দা, ফরিদপুর | স্বাক্ষরিত |
| ৩ | মিয়া মোঃআরিফুল আজম | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা নগরকান্দা, ফরিদপুর | স্বাক্ষরিত |
| ৪ | মোঃ মুকুল মৃধা | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, নগরকান্দা, ফরিদপুর | স্বাক্ষরিত |
| ৫ | মোঃ আবুল হোসেন | উপজেলা সমবায় কর্মকর্তা, নগরকান্দা, ফরিদপুর | স্বাক্ষরিত |
| ৬ | আবদুল্লাহিল আবরার | উপজেলা মৎস্য কর্মকর্তা, নগরকান্দা, ফরিদপুর | স্বাক্ষরিত |
| ৭ | বিকাশ মন্ডল | পুলিশ পরিদর্শক, নগরকান্দা, ফরিদপুর | স্বাক্ষরিত |
| ৮ | মোঃ হারুন অর রশিদ | বিএফএ, প্রতিনিধি, নগরকান্দা,ফরিদপুর | স্বাক্ষরিত |

CS CamScanner